## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মে/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৩/০৫/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | বিকাল ৪.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে বৈদ্যুতিক লাইনটি দীর্ঘদিন ধরে ক্ষতিগ্রস্থ যেকোন সময় দুর্ঘটনার সম্মুখী হতে পারে। ইতিপূর্বে পরিষদের অভ্যন্তরে মেইনগেট সংলগ্ন স্থানে সংযোগ তার ছিড়ে পড়ে। এছাড়া পরিষদের অভ্যন্তরে তার পুরাতন হওয়ায় প্রশাসনিক ভবন সহ আবাসিক ভবনগুলোতে ভোল্টেজ কম পায়। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে বৈদ্যুতিক লাইন মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) নং অনুচ্ছেদে অপ্রত্যাশিত খাত হতে অত্যাবশ্যকীয় স্থাপনায় জরুরী মেরামত কাজের জন্য বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। তিনি উক্ত খাত হতে জরুরী ভিত্তিতে বৈদ্যুতিক লাইন মেরামত কাজের জন্য ব্যয় করার প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত ও জরুরী কাজটি বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত প্রদান করেন। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ চত্বরে বৈদ্যুতিক লাইন মেরামত কাজটির কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত প্রদান করেন।<br><br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) নং অনুচ্ছেদে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের ১২/১১/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৫. ০০৪.১৯-৮১৬ (যুক্ত) নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জানুয়ারি/২০২৪ হতে মার্চ/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (ক) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ চত্বরে বৈদ্যুতিক লাইন মেরামত কাজটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে কোটেশনের মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জানুয়ারি/২০২৪ হতে মার্চ/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাসের মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় মে/২০২৪ মাসের তথ্য উপস্থাপন করেন চলতি খরিপ-১ মৌসুমে আউশ ধানের বীজতলা প্রস্তুতি ও রোগ-পোকামাকড় দমনের কার্যক্রম চলমান রয়েছে। অফসজিন তরমুজ আবাদ চলমান রয়েছে। | -- | -- |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>২৯০০০ জন কৃষক কৃষাণীর মাঝে নারিকেলের চারা বিতরণ করা হবে এবং ১০০ জন কৃষক কৃষাণীর মাঝে রোপা আউশ ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। ০.০৩ হেঃ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br><br>জৈব সাবের উৎপাদন বৃদ্ধির জন্য ২৫ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৩টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br><br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং চলমান আছে।<br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৮০টি কৃষিকথা বই বিতরন করা হয়েছে।<br>সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ৩০ কৃষকের নমুনা প্রেরণ করা হয়েছে।<br>ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৭২০ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। হৃষ্ট-পুষ্টকরণ গবাদিপশু ও ছাগল/ ভেড়ার সংখ্যা
<table>
<tr><th>ক্র: নং</th><th>ষাড়</th><th>বলদ</th><th>গাভী</th><th>মহিষ</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>৬০০০</td><td>২৮৯</td><td>৫৮২</td><td>০</td><td>৬১৭১</td></tr>
</table>
হৃষ্ট-পুষ্টকরণ ছাগল/ভেড়ার সংখ্যা
<table>
<tr><th>ক্র: নং</th><th>ছাগল</th><th>ভেড়া</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>৭০৪২</td><td>১৩৪০</td><td>০</td><td>৮৩৮২</td></tr>
</table>
তিনি আরও জানান এপ্রিল/২০২৪ মাসে কৃত্রিম প্রজননকৃত গরুর সংখ্যা ৩৬০ টি ও সংকর জাতের বাছুর উৎপাদন ১৫০টি</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>কার্যক্রম চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় টেন্ডার বিজ্ঞপ্তি নং ১৪/২৩-২৪ এর টেন্ডারের দাখিলকৃত ৫% নিম্নদরের সাশ্রয়কৃত অর্থ দ্বারা উপজেলার নারী উন্নয়নকল্পে সেলাই মেশিন বিতরণ প্রকল্প গ্রহণ করা যেতে পারে যার প্রাক্কলিত মূল্য ৮২,৫০০/- (বিরাশি হাজার পাঁচশত) টাকা। সভায় অনুমোদিত হলে কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় গত ২২-০২-২০২৪ খ্রি. তারিখে কয়রা উপজেলা ফেব্রুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় বাগালী ইউনিয়নের বামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাটের পরিবর্তে বাঁশখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ইটের সোলিং হতে নারানপুর দেয়ানী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ<br>প্রাক্কলিত মূল্যঃ ১,০০,০০০/-
<table>
<tr><th>ক্রঃ নং   নাম ও পদবী</th><th>কমিটির পদ</th></tr>
<tr><td>১. মোঃ জোনারুল ইসলাম, ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২. মনিরুল ইসলাম, সমাজসেবক</td><td>সচিব</td></tr>
<tr><td>৩. বিনয় কৃষ্ণ মন্ডল, শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪. মোঃ রফিকুল ইসলাম, শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫. ইমদাদুল হক, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬. সালমা খাতুন, শিক্ষিকা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭. অনুপ মিস্ত্রী, গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় টেন্ডার বিজ্ঞপ্তি নং ১৪/২৩-২৪ এর টেন্ডারের দাখিলকৃত ৫% নিম্নদরের সাশ্রয়কৃত অর্থ দ্বারা উপজেলার নারী উন্নয়নকল্পে সেলাই মেশিন বিতরণ প্রকল্প গ্রহন করা যেতে পারে যার প্রাক্কলিত মূল্য ৮২,৫০০/- (বিরাশি হাজার পাঁচশত) টাকা কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় বাঁশখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ইটের সোলিং হতে নারানপুর দেয়ানী অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(গ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প খুলনা জেলার কয়রা উপজেলায় দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালীতে টেন্ডারের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করত কার্যাদেশ প্রদান করা হয়। নির্বাচিত ঠিকাদার উক্ত স্থানে মালমাল নিয়ে কাজ শুরু করার প্রস্তুতি গ্রহণ করায় উক্ত ইউনিয়নে জায়গার জটিলতার কারণে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অনুমোদিত দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালীর পরিবর্তে কয়রা সদর ইউনিয়নের কেওড়াকাটা নামক স্থানের পর্যটন কেন্দ্র নির্মাণের অনুমোদনের প্রেক্ষিতে Walk Way এবং Watch Tower এর সয়েল টেস্টের কাজ সম্পন্ন করা হয়। সয়েল টেস্টের রিপোর্ট অনুযায়ী পূর্বের ডিজাইন ও প্রাক্কলণ একই হওয়ায় দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালীতে কার্যদেশ প্রাপ্ত ঠিকাদারের মাধ্যমে কয়রা সদর ইউনিয়নের কেওড়াকাটা নামক স্থানের অনুমোদিত পর্যটন কেন্দ্রের Walk Way এবং Watch Tower নির্মাণের কাজটি সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলী প্রস্তাব করেন।</td>
<td>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে দক্ষিণ বেদকাশী ইউনিয়নের গোলখালীতে কার্যদেশ প্রাপ্ত ঠিকাদারের মাধ্যমে পর্যটন কেন্দ্রের পরিবর্তিত স্থান কয়রা সদর ইউনিয়নের কেওড়াকাটা নামক স্থানে অনুমোদিত পর্যটন কেন্দ্রের Walk Way এবং Watch Tower নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার এপ্রিল/২০২৪ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৬৬৯ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩,০৯১ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৫.৭৮%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০ জন সর্বমোটঃ ০ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ১০ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৩৬ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪,১৮৫ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২১,০৪৬ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>২,০৫৭ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭২৩ জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>২৪৯ জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৫৬ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০৩ জন ও সিএসবিএ কর্তৃক: ০১ জন সর্বমোট: ০৪ জন।</td></tr>
<tr><td>জীবিত জন্ম</td><td>০৪ জন</td></tr>
<tr><td>মাতৃমৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু মৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>কেন্দ্র</td><td>৩৮৫ জন</td></tr>
<tr><td>কেন্দ্রের বাহিরে</td><td>৬০ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী</td><td>১৯৫০ জন</td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td>উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অত্র উপজেলার যে সকল বিদ্যালয়গুলোতে সাইক্লোন সেন্টার রয়েছে সেসকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে সাইক্লোন সেন্টার রক্ষণাবেক্ষণের জন্য অবহিত করা হয়েছে। উপজেলার ১০টি বিদ্যালয়ের মাইনর মেরামতের কাজ চলমান রয়েছে।<br><br>প্রথম থেকে ৩য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ন এবং ৪র্থ ও ৫ম শ্রেণিতে প্রান্তিক মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>১০.</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান প্রতি মাসে ১০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। প্রতিমাসে ১টি ক্লাস্টার মিটিং করা হয়। নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ে শিক্ষকদের সমন্বয়ে প্রতিমাসে ১টি করে মিটিং করা হয়। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১১.</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় মে/২০২৪ মাসের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১.</td><td>টি আর</td><td>৮০%</td></tr>
<tr><td>২.</td><td>কাবিটা</td><td>৮০%</td></tr>
<tr><td>৩.</td><td>এইচবিবি কাজ</td><td>শেষ</td></tr>
<tr><td>৪.</td><td>ব্রীজের কাজ</td><td></td></tr>
<tr><td>৫.</td><td>আশ্রয়ণ প্রকল্পের কাজ</td><td>চলমান, অগ্রগতি ৮০%</td></tr>
</table>
এছাড়া তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>১২.</td>
<td>উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা মে/২০২৪ মাসের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>
০১. আর্থ-সামাজিক কার্যক্রম সমূহঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>খাতের নাম</th><th>বিনিয়োগের পরিমাণ</th><th>পুন বিনিয়োগের পরিমাণ</th><th>আদায়কৃত</th></tr>
<tr><td>১</td><td>আর এস এস</td><td>--</td><td>৪,৫০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>২</td><td>আর এম সি</td><td>--</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>৩</td><td>দগ্ধ ও প্রতিবন্ধী</td><td>--</td><td>--</td><td>--</td></tr>
</table>
০২. সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমূহঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>ভাতার নাম</th><th>মোট ভাতাভোগী</th><th>পে রোল প্রদান ১ম কিস্তি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>বয়স্ক ভাতা</td><td>১২,৮৪০জন</td><td>১২,৮৪০ জন</td><td></td></tr>
<tr><td>২</td><td>বিধবা ভাতা</td><td>৫,২৫৬ জন</td><td>৫,২৫৬ জন</td><td></td></tr>
<tr><td>৩</td><td>প্রতিবন্ধী ভাতা</td><td>৪,৫৫৬ জন</td><td>৪,৫৫৬ জন</td><td></td></tr>
<tr><td>৪</td><td>অনগ্রসর বিশেষ বয়স্ক ভাতা</td><td>৪৩ জন</td><td>৪৩ জন</td><td></td></tr>
<tr><td>৫</td><td>হিজড়া বিশেষ বয়স্ক ভাতা</td><td>০৪ জন</td><td>০ জন</td><td></td></tr>
<tr><td>৬</td><td>প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি</td><td>১৯৬ জন</td><td>১৯৬ জন</td><td></td></tr>
<tr><td>৭</td><td>অনগ্রসর জনগোষ্ঠির শিক্ষা উপবৃত্তি</td><td>৪৯ জন</td><td>৪৯ জন</td><td></td></tr>
</table>
০৩. প্রতিবন্ধী জরীপ করা হয়েছে- ১০ জনকে<br>
০৪. সুবর্ণ নাগরিক কার্ড প্রদান- ০৩ জনকে</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>১৩.</td>
<td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২১/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৫ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,২৮,৯৮০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ৬৪,০৬০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭২,২৬৭/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ১৯,২২৯/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭৩,৪৮৮/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৪৭৩/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৫ম ধাপের) ৬০ টি গভীর নলকূপ ও ১২২ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। পাইকগাছা কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পে ১৭৫০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং, ২৫০ টি গভীর নলকূপ, ০৪ টি পাবলিক টয়লেট এর কাজ শেষ পর্যায়ে। উপকূলীয় অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে ১১৭০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মে/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন। | -- | -- |

| ক্রঃ নং | বিবরণ | টাকা/পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোট ঋণ তহবিল | ২৫,৩৮,৮০০/- | |
| ২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | ২,১০,৮১,৫০০/- | |
| ৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | ১৭,৫০,০০০/- | |
| ৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | ১,১০,০০০/- | |
| ৫. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | ১,০২,৮০০/- | |
| ৬. | চলতি মাসে আদায়ের হার | ৯৩% | |
| ৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ১,৯৩,৯৬,০৯০/- | |
| ৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | ১,৮৯,৯০,৮৬৮/- | |
| ৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | ৯৫% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ খেলাপী টাকার পরিমাণ | ৩,৭১,০৩২/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | ৩৪,১৯০/- | |
| ১২. | ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ জোরদারকরণ | ০ জন | |
| ১৩. | ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ (রাজস্ব) | ৪২০ জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে (জোরদার+রাজস্ব) | ৯২১৮ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | ৭৩ জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | ৪৬৪৫ জন | |
| ১৭. | ঋণী সংখ্যা<br>রাজস্ব<br>জোরদারকরণ প্রকল্প<br>পরিবার | <br>১০২১ জন<br>১৩ জন<br>৩৪০ জন | |

<table>
<tr><td></td><td></td><td>তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ১৪টি ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা ৯২১৮ জন। চলতি অর্থ বছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব ৭৩ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা ৪৬৪৫ জন। চলতি মাস পর্যন্ত যুবঋণ বিতরণ করা হয়েছে ৩০ জন যুব এর মধ্যে(রাজস্ব) ১২,৭০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ২,১০,৮১,৫০০/- টাকা। পরিবার ভিত্তিক ঋণ বিতরণ ৪৭,২০,০০০/- টাকা। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর পরিমাণ ৩,৭১,০৩২/- টাকা। কিস্তি খেলাপী টাকার পরিমাণ ৩৪,১৯০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৩% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। যুব সংগঠন রেজিষ্ট্রেশন ১টি। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td></td><td></td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মে/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন
<table>
<tr><td rowspan="2">কর্মসূচির নাম</td><td rowspan="2">মাসে বিতরণ</td><td rowspan="2">মাসে আদায়</td><td colspan="3">মাঠে বকেয়া</td></tr>
<tr><td>চলতি</td><td>মেয়াদ উত্তীর্ণ</td><td>মোট</td></tr>
<tr><td>মূল/কর্মসূচি/ আবর্তক</td><td>২.৪৬</td><td>৩.২৮</td><td>৭৯.২৩</td><td>১২.৮৩</td><td>৯২.০৬</td></tr>
<tr><td>সদাবিক</td><td>০</td><td>১০.০৮</td><td>৩৫.৮১</td><td>৪৭.৭৯</td><td>৮৩.৬০</td></tr>
<tr><td>পল্লী প্রগতি কর্মসূচি</td><td>০</td><td>৩.৭৮</td><td>৫০.০০</td><td>৪.৪৩</td><td>৫৪.৪৩</td></tr>
<tr><td>বীর মুক্তিযোদ্ধা</td><td>০</td><td>০.১০</td><td>১.৭৮</td><td>২.৭০</td><td>৪.৪৮</td></tr>
<tr><td>ইরেসপো</td><td>৪.২৫</td><td>১২.১২</td><td>২৪৯.৮৫</td><td>২৪.০৯</td><td>২৭৩.৯৪</td></tr>
<tr><td>এসএমই</td><td>০</td><td>১.১০</td><td>১৬.৭৮</td><td>০</td><td>১৬.৭৮</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৬.৭১</td><td>২.৮২</td><td>৫.৭৮</td><td>০</td><td>৫.৭৮</td></tr>
</table>
তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের সমিতির সংখ্যা ১৯৩ টি, সদস্য সংখ্যা ৭৯০৩ জন, লোনী সদস্য ৪৮৪৭ জন, ঋণ বিতরণ ৫৪৭.০০ (লক্ষ টাকা)। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৩,৬৩,২০,০০০/- (তিন কোটি তেষট্টি লক্ষ বিশ হাজার) টাকা নারী উদ্যোক্তার মধ্যে ৩২,৮৫,০০০/- (বত্রিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৬৮,০০,০০০/- (আটষট্টি লক্ষ) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৭৫/- |

| | | |
|---|---|---|
| ০৫. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯০/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর এপ্রিল/২০২৪ মাসের মজুরী বিল। | ৯,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের এপ্রিল/২০২৪ মাসের মজুরী বিল। | ৯,৯০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর এপ্রিল/২০২৪ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,১৬৭/- |
| ০৯. | উপজেলা পরিষদের মেইন বৈদ্যুতিক লাইনের কাটআউট ও লাইন মেরামত কাজের ব্যয় বিল। | ১৫,৫০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-
এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-১৫ (৪৫) তারিখঃ ২৩-০৫-২০২৪ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য...............................,কয়রা, খুলনা।

২৩.০৫.২৪
বি. এম. তারিক-উজ-জামান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd